

**শিক্ষকদের কর্মসূচী**

**অব্যাহত রাখার**

**আহ্বান**

(স্টাফ রিপোর্টার)

বাংলাদেশ শিক্ষক সমন্বয় পরিষদের নেতৃবৃন্দ দুই দফা দাবী আদায় না হওয়া পর্যন্ত বেসরকারী মাধ্যমিক শিক্ষক-শিক্ষিকাদের ধর্মঘটসহ পূর্ব ঘোষিত কর্মসূচী অব্যাহত রাখার আহ্বান জানিয়েছেন।

বুধবার দেয়া এক বিবৃতিতে তারা ন্যায়সঙ্গত দাবী পূরণ না করে ওই এপ্রিলের মধ্যে কাজে যোগ দেয়ার হুমকি প্রদান ও নতুন করে পরিষদের অন্যতম নেতা জনাব আবদুল নূর চৌধুরীকে গ্রেফতারের নিন্দা জ্ঞাপন করেন।

বিবৃতিতে নেতৃবৃন্দসহ আটক সকল শিক্ষক-শিক্ষিকার আশ্রয় মূল্যবোধ, প্রশিক্ষণার্থীদের হোস্টেলে ফিরিয়ে নেয়া ও সর্বগ্রেফতারী পরোয়ানা প্রত্যাহারের দাবী জানানো হয়েছে।

আগামীকাল শুক্রবার সকলে ৯টায় জগন্নাথ কলেজ সংলগ্ন পগোজি স্কুলে সমন্বয় পরিষদের উদ্যোগে বিদ্যালয়সমূহের ব্যবস্থাপনা কর্মাত্তর চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান, সদস্য, প্রধান শিক্ষক-শিক্ষিকা ও শিক্ষক সদস্যদের সম্পাদকদের এক যুক্ত সভা অনুষ্ঠিত হবে।

বাংলাদেশ বেসরকারী মাধ্যমিক স্কুল চতুর্থ শ্রেণী কর্মচারী ইউনিয়নের সহ-সভাপতি জনাব সিরাজুল হক চৌধুরী অবিলম্বে শিক্ষক-কর্মচারীদের দু'দফা দাবী মেনে নিয়ে শিক্ষার সূষ্ঠা পরিবেশ ফিরিয়ে আনার আহ্বান জানান।

বাংলাদেশ শিক্ষক সমিতির (নজরুল) ভারপ্রাপ্ত সভাপতি জনাব আব্বাস আলী সরকার ও মহাসচিব জনাব নজরুল ইসলাম তাদের বিবৃতিতে ধর্মঘটসহ কর্মসূচী চালিয়ে যাওয়ার জন্য বেসরকারী মাধ্যমিক শিক্ষক সমাজের প্রতি আহ্বান জানান।

বাংলাদেশ কলেজ-বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির ভারপ্রাপ্ত সভাপতি ডঃ হুমায়ত মহম্মদ ও সাধারণ সম্পাদক অধ্যাপক গোলাম সামদানী কোরায়শী অলাপ-অলোচনার মাধ্যমে মাধ্যমিক শিক্ষকদের ধর্মঘটের সম্মানজনক সমাধান দাবী করেন।

বাসদের আহ্বায়ক জনাব আফ মাহবুবুল হক অবিলম্বে দুই দফা দাবী পূরণ ও আটক সকল শিক্ষক-শিক্ষিকার মুক্তি দিয়ে সর্ব সংকট বিরহনের আহ্বান জানিয়ে এক বিবৃতি দিয়েছেন।